ঝিনাইদহে হকি ও টেবিল টেনিস প্রতিযোগিতার সমাপনী

ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিস এর আয়োজনে (অনূর্ধ্ব ১৬) হকি ও টেবিল টেনিস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

দিনব্যাপী খেলা শেষে বিজয়ী ও রানার্সআপ দলের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। উক্ত হকি খেলায় চ্যাম্পিয়ন হয় হলুদ হকি দল ও রানার্সআপ হয় নীল হকি দল। টেবিল টেনিস খেলায় বালক এককে চ্যাম্পিয়ন হয় সানি মোল্লা ও রানার্সআপ হয় মো: তানজিবুর রহমান।

দ্বৈত চ্যাম্পিয়ন হয় সানি মোল্লা ও আল আমিন মন্ডল এবং রানার্সআপ হয় তানজিবুর রহমান ও সমৃদ্ধ বিশ্বাস।

বালিকা এককে চ্যাম্পিয়ন হয় নুসরাত নওরীন ও রানার্সআপ হয় নাদিরা। বালিকা দ্বৈত চ্যাম্পিয়ন হয় রানী খাতুন ও নুসরাত নওরীন এবং রানার্সআপ হয় বৃষ্টি ও মারিয়া বিনতে আজাদ।অপরদিকে একইদিনে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৫-২০২৬ এর আওতায় ঝিনাইদহ জেলা ক্রীড়া অফিসের আয়োজনে মাসব্যাপী ফুটবল প্রশিক্ষণের (অনূর্ধ্ব-১৫) সনদপত্র বিতরণ করা হয়।

উক্ত প্রতিযোগিতার পুরস্কার বিতরণ ও ফুটবল প্রশিক্ষণের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার আমানুল্লাহ আহমেদ এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার,হোসনেআরা, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা তথ্য অফিসার মোহাম্মদ আব্দুর রউফ,জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি,জেলা ক্রীড়া সংস্থার সদস্যবৃন্দ,বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ,দর্শনার্থীবৃন্দ। মাসব্যাপী (২১ টি সেশনে) ফুটবল প্রশিক্ষণে বিভিন্ন প্রতিষ্ঠানের ৪০ জন বালক ফুটবলার অংশগ্রহণ করে।